**SET-4**

**Series JMS/C** | **Code No. 7**

Roll No. | | | | | | | |

Candidates must write the Code on the title page of the answer-book.

- পরীক্ষার্থী যেন যাচাই করে নেয় প্রশ্নপত্রে **11** ছাপা পৃষ্ঠা রয়েছে ।
- প্রশ্নপত্রের ডানদিকে কোড নং দেওয়া আছে । উত্তরপত্রের মুখ্য পাতার ছাত্রছাত্রীরা কোড নংটি লিখবে ।
- পরীক্ষার্থীরা যেন যাচাই করে নেয় যে প্রশ্নপত্রে **16** টি প্রশ্ন আছে ।
- **উত্তর শুরু করার আগে ক্রমিক নং (Serial Number) লিখতে হবে ।**
- প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় দেওয়া হবে । 10.15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে । 10.15 থেকে 10.30 মিনিট পর্যন্ত পরীক্ষার্থীরা কেবল প্রশ্নপত্রটি পড়বে । এই সময়ে কোন উত্তর লেখা চলবে না ।
- Please check that this question paper contains **11** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it**.
- 15 minute time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer-book during this period.

# বাংলা

# BENGALI

*সময় : 3 ঘন্টা* | *সর্বমোট অংক : 80*

*Time allowed : 3 hours* | *Maximum Marks : 80*

## SECTION A

## বোধ পরীক্ষণ

## (Reading Comprehension)

**1.** নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ : *1×5=5*

১৮৬২ খ্রীষ্টাব্দে এক প্রবল জেদে ইংলন্ডে পাড়ি দিয়েছিলেন কাদম্বিনী গাঙ্গুলী — প্রথম বাঙালি মহিলা চিকিৎসক । তিনটি শিশুসন্তানের জননী কাদম্বিনী স্বামী দ্বারকানাথ গাঙ্গুলী ও শিশুসন্তানদের রেখে বিলেত রওনা হয়োইলেন তিনি । তাঁর বিদেশ ভ্রমণের কোনো স্মৃতিকথা পাওয়া যায় না । কেবল জানা গেছে এডিনবরা ও গ্লাসগো থেকে তিনি লাভ করেছিলেন রয়্যাল কলেজ অব সারজেন-এর দেওয়া দুইটি ডিগ্রী; এল.আর.সি.পি. ও এল.আর.সি.এস. । ডাবলিন থেকে পেয়েছিলেন মেডিক্যাল সায়েন্সের অন্য ডিগ্রী — এল.এফ.পি.এস. । ঘরে ফেরার সময়ে তিনি হাতে করে ছোট-বড় সকলের জন্য কিছু উপহার সামগ্রীও এনেছিলেন । নাতনি পুণ্যলতা চক্রবর্তী লিখেছেন — 'দিদিমা করে যে বিলাতে গিয়েছিলেন, সে কথা মনে নেই, কিন্তু তাঁর ফিরবার দিনটি বেশ মনে পড়ে । বাড়িতে ঢুকেই দিদিমা দু'হাত বাড়িয়ে জংলুমামাকে কোলে নিতে গেলেন । ছোট্ট এক বছরের জংলুমামাকে মায়ের কাছে রেখে দিদিমা বিলেত চলে গিয়েছিলেন, এখন সে ছেলে মা-কে চিনতে পারছে না ।'

(a) কাদম্বিনী গাঙ্গুলীর বিশেষ পরিচয়টি কী ?

(b) তিনি কোন সালে বিলেত গিয়েছিলেন ?

(c) রয়্যাল কলেজ অব সারজেন-এর দেওয়া ডিগ্রী দুটি কাদম্বিনী কোন কোন বিশ্ববিদ্যালয় থেকে পেয়েছিলেন ?

(d) কাদম্বিনী পুণ্যলতা চক্রবর্তীর কে ছিলেন ?

(e) 'ছোট্ট এক বছরের জংলুমামাকে মায়ের কাছে রেখে দিদিমা বিলেত চলে গিয়েছিলেন, এখন সে ছেলে মা-কে চিনতে পারছে না ।' — বাক্যটি কী প্রকারের বাক্য ? সরল/জটিল/যৌগিক ?

**2.** নীচের অনুচ্ছেদটি পড়ে সঙ্গে দেওয়া প্রশ্নগুলির উত্তর লেখ । *1×5=5*

মেয়েরা পড়বে; কিন্তু বাড়ির বাইরে গিয়ে পড়াশুনা করবে, — সমাজের অনেকেই এটা সেদিন মেনে নিতে পারেন নি । শিবনাথ শাস্ত্রীর বন্ধুরা মিলে যখন মহিলাদের জন্য মজিলপুরে স্কুল তৈরি করলেন তখন প্রচন্ড বাধা পেলেন সেখানকার জমিদার এবং অন্যান্য প্রতিষ্ঠিত মানুষজনের কাছ থেকে । স্কুলে কেউ মেয়ে পাঠালেন না । তারপরে একদিন রাতে স্কুল বাড়িটায় কে বা কারা যেন আগুন লাগিয়ে দিল । তখন মেয়েরা — সেই মেয়েরাই ঘরে বসে পড়তে লাগলেন, যাদের বাবা, দাদা বা স্বামী তাদের বাড়িতেই লেখাপড়া শেখানোর ব্যবস্থা করলেন । যারা স্ত্রী শিক্ষার প্রবল সমর্থক ছিলেন, তাদের মেয়েরাও অনেকেই বাড়িতে বসেই লেখাপড়া শিখতে পেরেছিলেন । রাসসুন্দরী দাসী, বামাসুন্দরী দেবীর মতো কেউ কেউ নিজেরা নিজেদের চেষ্টায় লেখাপড়া লিখেছেন । জ্ঞানদানন্দিনী দেবী, স্বর্ণকুমারী দেবী, কুমুদিনী, কৈলাসবাসিনী — এরা প্রত্যেকেই তাদের পরিজনদের সাহায্যে বড়িতে লেখাপড়া শিখেছেন । তারপরে ক্রমশ প্রত্যেকেই সমাজে বা শিক্ষার জগতে সুপরিচিত ও সুপ্রতিষ্ঠিত হয়েছেন । মুসলমান মেয়েরা তখন আরও কম সুযোগ পেয়েছেন । কোম রোকেয়া এবং তাহেরুন্নিসার মতো সুশিক্ষিত সুলেখিকার সন্ধান আমরা পেয়েছি উনিশ শতকের আশির দশকেরও পরে ।

(a) সমাজের অনেকেই কোন ব্যাপারটি সেদিন মেনে নিতে পারেননি ।

(b) শিবনাথ শাস্ত্রীর বন্ধুদের তৈরি স্কুলটির পরিণতি কী হল ?

(c) রাসসুন্দরী দাসী এবং বামাসুন্দরী দেবী কীভাবে লেখাপড়া শিখেছেন ?

(d) সেকালের একজন সুশিক্ষিত সুলেখিকা মুসলমান নারীর নাম অনুচ্ছেদ থেকে খুঁজে লেখ ।

(e) 'সুপরিচিত' শব্দটির বিপরীতার্থক শব্দ লেখ ।

**3.** অংশটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর লেখ : *1×5=5*

শিল্পপ্রসারের সঙ্গে সঙ্গে পৃথিবী যে নানাভারে দূষিত হচ্ছে বিজ্ঞানীরা তা বুঝতে পারছিলেন, বিশ শতকের চারের দশকে সাধারণ মানুষ দূষিত বায়ু সম্পর্কে সচেতন হয়ে ওঠে । তখন আমেরিকার লস এঞ্জেলেস ধোঁরাশায় আচ্ছন্ন হয়ে যায় । 1948 খ্রীষ্টাব্দে পেনসিলভেনিয়ার ডেনোরাতে যে বায়ুদূষণ ঘটে তাতে প্রায় 14,000 মানুষ অসুস্থ হয়ে পড়ে । কুড়িজন মারা যায় । ফলে প্রশাসন সচেতন হয় । 1963 খ্রীষ্টাব্দে জনস্বাস্থ্য রক্ষার তাগিদে আমেরিকাতে ক্লীন এয়ার অ্যাকট পাশ হয়ে যায় । 1970 খ্রীষ্টাব্দে দূষিত বায়ু এড়াবার জন্য এই আইনটি বিশেষ ভাবে সংশোধিত হয় । 1960 খ্রীষ্টাব্দ থেকে নিউক্লীয়ার রিয়্যাক্টরের প্রচলনে তেজস্ক্রিয় দূষণ নিয়েও বিতর্ক আরম্ভ হয় । ফলে আমেরিকার অ্যাটমিক এনার্জি কমিশন তেজস্ক্রিয় বিকীরণের মান নীচু রাখতে বাধ্য হয় । ওই সময় থেকেই পৃথিবীর অন্যান্য দেশ পরিবেশ দূষণ বিষয়ে সজাগ হয়েছে এবং তার প্রতিকারের চেষ্টাও করে চলেছে ।

(a) আমেরিকার লস্ এঞ্জেলেস কোন সময়ে ধোঁয়াশায় আচ্ছন্ন হয়ে যায় ?

(b) 1948 এর বায়ুদূষণের কারণে পেনসিলভোনিয়ার ডেনোরতে কতজন মারা যায় ?

(c) 1960 খ্রীষ্টাব্দে কী নিয়ে বিতর্ক আরম্ভ হল ?

(d) পৃথিবীর অন্যান্য দেশগুলো পরিবেশ দূষণ বিষয়ে কোন সময় থেকে সজাগ হয়ে উঠেছে ?

(e) তেজস্ক্রিয় শব্দটির সন্ধিচ্ছেদ কর ।

## SECTION B

## নির্মিতি (রচনা)

### Writing (Composition)

**4.** স্কুলে তোমার বাংলার ক্লাসটি কেমন লাগে জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ । *5*

**অথবা**

শীতের দুপুরে এবার একদিন মা-বাবার সঙ্গে তুমি চিড়িয়াখানা দেখতে গেছিলে । সে দিনটির বর্ণনা দিয়ে তোমার দাদু/দিদিমাকে একটি চিঠি লেখ ।

**5.** নীচের যে কোন ***একটি*** বিষয়ে অবলম্বনে একটি অনুচ্ছেদ রচনা কর । *5*

(a) যে সমাজে মেয়েরা অবহেলিত

(b) একটি মেলা দেখার অভিজ্ঞতা

(c) কম্প্যুটারের সুবিধাগুলো

## SECTION C

## ব্যাকরণ

### Grammar

**6.** প্রয়োজনমত সন্ধি কর অথবা সন্ধি বিচ্ছেদ কর (যে কোন ***পাঁচটি***) : *1×5=5*

বিপজ্জনক, প্রশন্ + সা, মৃৎ + ময়, নভস্তল, শিরঃ + ছেদ, নিস্পৃহ, সম্ + জয়, জগন্নাথ

**7.** ব্যাসবাক্য সহ সমাসের নাম লেখ (যে কোন ***পাঁচটি***) : *1×5=5*

গণ্যমান্য, অগ্নিবীণা, ভালোমন্দ, প্রতিদিন, কাজলকালো, উপকূল, ফি-সন, বাপ-মা

**8.** নির্দেশানুসারে বাক্য পরিবর্তন কর (***পাঁচটি***) : *1×5=5*

(a) তিনি মত দিলেন, আর আমাদের পায় কে ? (জটিল)

(b) ট্রেনে বসামাত্র ট্রেনটি ছেড়ে দিল । (যৌগিক)

(c) যখন ভোর হল তখন গাছে গাছে পাখিরা জেগে উঠল । (যৌগিক)

(d) মা বিরক্ত হলেন, তবু কিছু বললেন না । (সরল)

(e) সূর্য উঠলেও রোদের তেজ ছিলনা । (জটিল)

(f) তিনি রাগী মানুষ, কিন্তু তাঁর রাগ বেশিক্ষণ থাকে না । (সরল)

(g) ভেবেচিন্তে কাজ করলে দুঃখ কম পাবে । (জটিল)

**9.** নির্দেশানুসারে চলিত বা সাধুভাষায় রূপান্তরত কর (***পাঁচটি***) : *1×5=5*

(a) আমি-তুমি কবিতা লিখলেই কি রবীন্দ্রনাথ হতে পারব ? (সাধুভাষা)

(b) তুমি না যাইলে আমিও যাইব না । (চলিতভাষা)

(c) রাগী মানুষ কথা বলতে না-পারলে যেমন ফুলে ফুলে ওঠে, সকালের মেঘগুলোকে তেমন লাগছিল । (সাধুভাষা)

(d) প্রভাত হইলে এই সমুদয় উপদ্রব থামিয়া গেল । (চলিতভাষা)

(e) এতদিন বাটীতে যে বৃদ্ধা বাস করিতেছিলেন, চিঠিগুলি বোধ হয় তাঁহার স্বামীর ! (চলিতভাষা)

(f) নাচতে নাচতে জোলা একেবারে সেই বটগাছের তলায় চলে এল, সেখানেও বলতে লাগল... ‘একটা খাব’ ।

(g) ঘুম যখন ভাঙল, চেয়ে দেখি আমার সে পাখিটি উড়ে গেছে । (সাধুভাষা)

## SECTION D

## সাহিত্য (পাঠ্যপুস্তক, সহায়ব পুস্তক)

**Literature (Text Book & Supplementary Reader)**

**10.** কী করছেন হরিদা কী হলো ? আজ যে বলেছিলেন জবর খেল দেখাবেন, সে-কথা কি ভুলেই গেলেন !

(a) হরিদা কে ?

(b) তিনি কী খেলা দেখিয়েছিলেন ? বর্ণনা কর । *2+3=5*

**অথবা**

জলজ্যান্ত একজন লেখককে এত কাছ থেকে তখনো দেখেনি তপন, দেখা যায়, তাই জানতনা ।

(a) এই লেখক কে ?

(b) তাঁকে দেখে তপনের কেমন লাগল — কী মনে হল ?

**11.** "আজ্ঞে, এনাঞ্জাং থেকে দুজন বন্ধু নোক আসার কথা ছিল — আমাকে কিন্তু বাবু ঝুঠমুঠ হয়রাণ করা ।"

(a) কোন গল্পে কে একথা কাকে বলেছিল ?

(b) তার 'হয়রানি' কী ভাবে হয়েছিল লেখ । *2+3=5*

**অথবা**

একদিন সকালে আমার বৈঠকখানায় ঢুকে নমস্কার করে কাঁচুমাচু হয়ে দাঁড়িয়ে রইলেন ।

(a) কে, কার বৈঠকখানায় কাঁচুমাচু হয়ে দাঁড়িয়ে রইলেন ?

(b) তিনি কাকে নিয়ে এসেছিলেন এবং কী চাইছিলেন ?

**12.** নীচে লেখা প্রশ্নগুলির মধ্যে যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর নির্বাচন করে লেখ। *1×5=5*

(a) "আমার ঘড়িটা চুরি হয়ে গেছে । ঠিক সময় হয়তো ভালো করে দম দিতে পারবে না —" এ উক্তি থেকে বোঝা যায় যে আলোবাবু

(i) ঘড়ি চুরি হওয়াতে বিরক্ত ।

(ii) ঘড়ি-চোরকে তিনি সাজা দিতে চান ।

(iii) ঘড়িটাকে তিনি সন্তানের মতোই ভালোবাসতেন ।

(b) 'খুব হয়েছে হরি, এইবার সরে পড়ো । অন্যদিকে যাও ।' সেদিন হরি কী সেজেছিলেন ?

(i) ভিখারী

(ii) পাগল

(iii) সন্ন্যাসী

(c) মহাপাত্র মাথা নাড়িয়া অস্বীকার করিয়া বলিল, "আজ্ঞে না মাইরি খাইনে ।" — মহাপাত্র কী খাওয়ার কথা অস্বীকার করল ?

(i) মদ

(ii) গাঁজা

(iii) ভাঙ

(d) তপনের লেখা গল্প 'প্রথম দিন' 'সন্ধ্যাতারা'য় প্রকাশিত হলেও তপন পড়ে খুশি হতে পারলনা কেন ?

(i) তার মেশোমশাই 'কারেকশান' এর নামে তার সম্পূর্ণ গল্পটাই বদলে দিয়েছিলেন । ফলে নিজে লেখার আনন্দ তার রইল না ।

(ii) তপন যেখানে চেয়েছিল, তার ছোট মেশোমশাই সে পত্রিকায় গল্পটি ছাপিয়ে দিতে পারেননি । তাই সে ব্যথিত হয়েছিল ।

(iii) তপনের বন্ধুর-মত ছোটমামী গল্পটি শুনে একেবারেই প্রশংসা করেননি । তাই সে যারপরনাই দুঃখিত হল ।

(e) আলোবাবু পাগলা পারদে গেলেন কেন ?

(i) আলোবাবু পাগল হয়ে সকলকে মারধর করছিলেন ।

(ii) অকৃত্রিম বাৎসল্যে সন্তানের মতোই ঘড়িটিকে তিনি ভালবাসতেন । তাই ঘড়ি চুরি হয়ে গেলে তার বিরহে তিনি পাগল হয়ে গেলেন ।

(iii) ঘড়িটিকে ফেরৎ পাওয়ার জন্য আলোবাবু যারপরনাই চেষ্টা করে সফল হননি । চোরেরা পরে তাঁকে মারধর করে পাগলাগারদে দিয়ে আসে ।

(f) ছোটোমামি আত্মপ্রসাদের প্রসন্নতা নিয়ে বসে ডিম ভাজা আর চা খায় । মেসো শুধু কফি । – কোন গল্পে কে লিখেছেন ?

(i) 'আলোবাবু' গল্পে বনফুল

(ii) 'পথের দাবী' গল্পে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(iii) 'জ্ঞানচক্ষু' গল্পে আশাপূর্ণা দেবী

(g) "এখন ভাবচি, যা গেছে তা যাক, তাদের চোর ধরে দিয়ে আর কাজ নেই, তারা বরঞ্চ এমনি ধারা বিদ্রোহী ধরে ধরেই বেড়াক ।" একথা কে কাকে বলেছে ?

(i) অপূর্ব রামদাস তলওয়ারকরকে

(ii) গিরীশ মহাপাত্র অপূর্বকে

(iii) গিরীশ মহাপাত্র নিমাইবাবুকে

(h) "আমার বুকের ভিতরেই সব তীর্থ । ভ্রমণ করে দেখবার তো কোনো দরকার হয় না ।" — কোন গল্পে আছে ?

(i) জ্ঞানচক্ষু

(ii) আলোকবাবু

(iii) বহুরূপী

**13.** প্রসঙ্গ সহ ব্যাখ্যা লেখ : *5*

আমার শুধু একটা কোকিল
গান বাঁধবে সহস্র উপায়ে ।

**অথবা**

তোমার পানি আর আমার জল
জীবনের জন্যে
একসঙ্গে একাকারে ভরে নিই ।

**14.** আয় আরো হাতে হাত রেখে
আয় আরো বেঁধে বেঁধে থাকি ।

(a) জ্ঞান কবিতায় কে কাদের হাতে হাত রেখে বেঁধে বেঁধে থাকার আহ্বান জানিয়েছিন ?

(b) কেন আজ আরো বেঁধে বেঁধে থাকার প্রয়োজন ? *2+3=5*

**অথবা**

অন্ধকারে তিনপাহাড়ে ট্রেনের থেকে নেমে,
হাওয়াবিলাসী তিনজোড়া চোখ আটকে গেল ফ্রেমে ।

(a) ‘হাওয়াবিলাসী তিনজোড়া চোখ’ অর্থ কী ?

(b) ‘ফ্রেম’ এর ছবিটি বর্ণনা কর ।

**15.** ‘একদিন সুভাগা দেখলেন, বৃদ্ধ ব্রাহ্মণের জীর্ণ শরীর যেন ভেঙে পড়েছে — আরতির প্রদীপ শীর্ণ হাতে টলে পড়েছে ।’

(a) সুভাগা কে ?

(b) এই বৃদ্ধ তাঁকে কোথায় পেয়েছিলেন ?

(c) এর পর (প্রদীপ শীর্ণ হাতে টলে পড়েছে দেখে) সুভাগা কী করলেন ?

*1+1+3=5*

**অথবা**

"শুনেছিস ভাই, বনের ভিতর রাখালরাজা বাঁশি বাজাচ্ছে ।"

(a) এ কথা কে, কাকে বলেছে ?

(b) রাখালরাজা আসলে কে ?

(c) রাখালরাজার সঙ্গে বক্তার দেখা ও তাদের বিবাহের ঘটনাটি সংক্ষেপে লেখ ।

**16.** নীচের প্রশ্নগুলির উত্তর একটি বাক্যে দাও । (যে কোন ***পাঁচটি***) *1×5=5*

(a) ভীলরাজ কোন ছুরি হাতে নিয়ে তাঁর মনোনীত রাজার শত্রুকে বধ করতে গেছিলেন ?

(b) গোহ্ ভীলদের রাজসভায় কোথায় বসতেন ?

(c) ভীলরাজের ছুরিকাবিদ্ধ রক্তমাখা দেহ পাহাড়ের পথে কে দেখলেন ?

(d) গোহ-র মায়ের নাম কী ছিল ?

(e) নাগাদিত্য ভীলদের একমাত্র আমোদ পশুশিকার কীভাবে বন্ধ করে দিলেন ?

(f) মহারানী ভীল সর্দারকে কী ছুঁড়ে মারলেন ?

(g) সূর্যদেব গায়েবকে কী নাম দিয়েছিলেন ?

(h) সুভাগার তৈরি বাগানে ছেলের পাল কী করত ?